গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল

ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত ২য় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | মোঃ তৌফিকুল আরিফ<br>অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | ২৩/১১/২০২১ খ্রি. |
| সভার সময় | বিকাল ৩.০০ ঘটিকা |
| স্থান | সম্মেলনকক্ষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” |

সভাপতি সভার শুরুতে সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনিবলেন, আজকের এই সভার আলোচ্য বিষয় মূলতঃ দু'টি, একটি হলো অত্র মন্ত্রণালয়ের “ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা”-২০২১-২০২২-এর অগ্রগতি পর্যালোচনা এবং সেবা সহজিকরণ সংক্রান্ত উপস্থাপনা ও আলোচনা। তিনি আরও বলেন কর্মপরিকল্পনাসম্পর্কে অনেক সময়স্পষ্ট ধারণা না থাকলে কার্যক্রম সম্পাদন করতে অসুবিধা হয় এবং কাজ করার পরেও কাঙ্ক্ষিত স্কোর পাওয়া থেকে বঞ্চিত হওয়ার সম্ভাবনা থাকে। সেজন্য যথাযথভাবে সকল কার্যক্রম সম্পন্ন করা এবং এর সাথে যে নম্বর বরাদ্ধ আছে তা পুরোপুরি অর্জন করার লক্ষ্যেই আজকের এই সভার আয়োজন। তিনি আরো বলেন, ই-গভর্ন্যান্স ওউদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অর্থ বছর হতে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) অন্তর্গত হওয়ায় এপিএতে ভালো করতে হলে উদ্ভাবন পরিকল্পনা সঠিকভাবে বাস্তবায়ন করা জরুরি। তিনি সকলকে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনাটি যথাযথভাবে অবলোকন করে সে অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করার জন্য নির্দেশনা দেন। তিনি মন্ত্রণালয়ের উদ্ভাবনী কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা, ২০২১-২২ অর্থবছরের সহজিকৃত সেবা সম্পর্কিত উপস্থাপনাসহ বিভিন্ন সেবার ডিজিটালাইজেশনের উপর গুরুত্ব আরোপ করে জনাব মোঃ ইলিয়াস হোসেন, সিস্টেম এনালিস্ট ও সদস্য সচিব, ইনোভেশন টিম, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-কে প্রত্যেকটি পয়েন্ট উপস্থাপন ও আলোচনা করার জন্য অনুরোধ জানান।

২। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সভাপতির অনুমতিক্রমে উপস্থাপনা শুরু করেন। ই-গভর্ন্যান্স ওউদ্ভাবন কার্যক্রমের অগ্রগতির বিষয়ে তিনি প্রথমেই ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক **[১.৩.১] সেবা ডিজিটাইজেশন** বিষয়টি উপস্থাপন করেন এবং বলেন যে মন্ত্রণালয়ের প্রতিটি অধিশাখা হতে নতুন উদ্ভাবনী ধারণা প্রদানের জন্য চিঠি প্রেরণ করা হয়েছে। তিনি আরও জানান, আগামী ৩০-১২-২০২১ তারিখের মধ্যে একটি সেবা ডিজিটালাইজেশন করার অফিস আদেশ জারি করতে হবে। জনাব সুব্রত ভৌমিক, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় বলেন, যে সেবাটি ডিজিটাল করা হবে তার ব্যবহারিক প্রয়োগ যেন শতভাগ নিশ্চিত করা হয় এবং সেটা যেন সিটিজেন সেবার আলোকে হয়।

৩। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার পরবর্তী কর্মসম্পাদন সূচক **[১.৪.১] ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা বিষয়।** এ ব্যাপারে সিস্টেম এনালিস্ট বলেন যে ২০২১-২২ অর্থবছরের ১ম ত্রৈমাসিকে ১টি সভা গত ২৪/০৮/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়েছে।

৪। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার পরবর্তী কর্মসম্পাদন সূচক **[১.৫.১] ই-ফাইলে নোট নিষ্পত্তিকৃত।** এ

অর্থবছরের ১ম ত্রৈমাসিকে ই-নথিতে নিষ্পন্নকৃত নথির হার ৮০.৫৬%। জনাব সুব্রত ভৌমিক, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ই-নথি সার্ভারের ধীর গতির ব্যাপারে সভায় আলোচনা করলে সভাপতি এ ব্যাপারে সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-কে মন্ত্রিসভা বিভাগ ও তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে পুনরায় চিঠির মাধ্যমে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানানোর জন্য তাগাদা দেন। তিনি বলেন, ইনোভেশন সংক্রান্ত অ্যাকশন প্ল্যানের মধ্যে ই-ফাইলিং এ সবচেয়ে বেশি নম্বর রয়েছে। সিস্টেম এনালিস্ট জানান অত্র মন্ত্রণালয়ে কর্মরত সকল কর্মকর্তাগণকে ও আওতাধীন দপ্তর/সংস্থা বরাবর ই-নথি ব্যবহারে তাগিদ প্রদান করলে সকলে সম্মতি প্রদান করেন। সভাপতি মন্ত্রণালয় আগামীতে ই-নথিতে নিষ্পন্নকৃত নথির হার ৯০-৯৫% এ উন্নীত করার আশাবাদ ব্যক্ত করেন।

৫। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় উল্লেখিত অন্যান্য কার্যক্রমের অগ্রগতির মধ্যে কর্মসম্পাদন সূচক [১.৬]-এ উল্লেখিত “৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন” কার্যক্রম এবং কর্মসম্পাদন সূচক [২.২.১]-এ উল্লেখিত “কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ” কার্যক্রমসমূহ বাস্তবায়নের লক্ষ্যে কর্মশালা / প্রশিক্ষণ আয়োজনের কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া, কর্মসম্পাদন সূচক [২.১.১]-এ উল্লেখিত “তথ্য বাতায়নে সকল সেবা বক্স হালনাগাদ” কার্যক্রমটি যথাযথভাবে মন্ত্রণালয়সহ আওতাধীন দপ্তর / সংস্থার তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করা হচ্ছে। অধিকিন্তু, অত্র মন্ত্রণালয় হতে মন্ত্রীপরিষদ বিভাগে ইতিমধ্যে ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-এর অগ্রগতি সংক্রান্ত ১ম ত্রৈমাসিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা হয়েছে।

৬। সভার পরবর্তী অংশে উদ্ভাবনী কার্যক্রম **[১.২] সেবা সহজিকরণ** বিষয়ে বিস্তারিত আলোচনা শুরু হয়। এই বিষয়ে ড. মোঃ আবদুল লতিফ, উপসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়-কে তার প্রস্তাবিত সেবাটি সহজিকরণের ব্যাপারে বিস্তারিত আলোচনা করতে সভাপতি আমন্ত্রণ জানান। ড. মোঃ আবদুল লতিফ, উপসচিব জানান তিনি গত ১৫-১৭ সেপ্টেম্বর, ২০২১ তারিখে রাঙ্গামাটিতে অনুষ্ঠিত সেবা সহজিকরণ বিষয়ক কর্মশালায় অংশগ্রহণ করেন এবং এই কর্মশালায় “ইইউ মার্কেটে মৎস্য পণ্য রপ্তানির উদ্দেশ্যে ইইউ-তালিকাভুক্তকরণ” শীর্ষক নাগরিক সেবাটি (মৎস্য-৫ অধিশাখার কর্মপরিধির আওতাভুক্ত) সহজিকরণের উদ্যোগ গ্রহণ করা হয়। পরবর্তীতে সভাপতি সেবাটির শিরোনাম “মৎস্য পণ্য রপ্তানির উদ্দেশ্যে প্রতিষ্ঠান তালিকাভুক্তি সহজিকরণ” প্রস্তাব করলে সকলে একমত পোষণ করেন। পরেবর্তীতে ড. মোঃ আবদুল লতিফ, উপসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় উপর্যুক্ত সেবাটি সহজিকরণের যৌক্তিকতা, সেবাপ্রাপ্তির মৌলিক তথ্যাদি, বিদ্যমান সেবা-পদ্ধতি বিশ্লেষণ ও প্রসেস ম্যাপ, বিদ্যমান সমস্যা সমাধানে ধাপভিত্তিক প্রস্তাবনা, বিদ্যমান ও প্রস্তাবিত পদ্ধতির ধাপভিত্তিক তুলনা, প্রস্তাবিত পদ্ধতির প্রসেস ম্যাপ তুলে ধরেন। এতে তিনি মৎস্য পণ্য রপ্তানি প্রতিষ্ঠান তালিকাভুক্তির উদ্দেশ্যে পরিদর্শনের জন্য কেন্দ্রীয় পরিদর্শন কমিটি’র পরিবর্তে আঞ্চলিক পরিদর্শন কমিটির মাধ্যমে পরিদর্শন সম্পন্ন করার প্রস্তাব করেন। এরপর সভাপতি “মৎস্য ও মৎস্য পণ্য (পরিদর্শন ও মান নিয়ন্ত্রণ) আইন, ২০২০” সভায় উপস্থাপন করার নির্দেশ দেন এবং এতে ‘আঞ্চলিক উপযুক্ত কর্তৃপক্ষ’ নামে একটি ধারায় আলোকপাত করে বলেন, পরিদর্শন শেষে আঞ্চলিক কমিটি কেন্দ্রীয় কমিটিকে প্রতিবেদন প্রেরণ করলে কেন্দ্রীয় কমিটি তালিকাভুক্তির বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত দিবে। এ জন্যে তিনি আঞ্চলিক কর্তৃপক্ষের গেজেট করে ToR-এ এর কর্মপরিধি নির্দিষ্ট করার প্রস্তাব দেন।

৭। **সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ**

৭.১) মন্ত্রণালয়ের একটি গুরুত্বপূর্ণ সেবা **(নাগরিক / প্রাতিষ্ঠানিক)** আগামী ০৯-১২-২০২১ তারিখের মধ্যে বাছাই করে **তা নির্ধারিত ৩০-১২-২০২১ তারিখের ডিজিটাইজেশন** করতে হবে।

৭.২) ই-নথি কার্যক্রমকে ত্বরান্বিত করতে এ মন্ত্রণালয়ের সকল শাখা / অধিশাখা এবং আওতাধীন দপ্তরে পত্র প্রেরণ করতে হবে।

৭.৩) সহজিকৃত সেবা “মৎস্য পণ্য রপ্তানির উদ্দেশ্যে প্রতিষ্ঠান তালিকাভুক্তি সহজিকরণ” বাস্তবায়নের নিমিত্ত আঞ্চলিক কমিটি গঠনের জন্য মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর-কে অনুরোধ করতে হবে।

অতঃপর সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভা সমাপ্ত ঘোষণা করেন।

মোঃ তৌফিকুল আরিফ
অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০০১.২১.২৩৬

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৮
০৭ ডিসেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) যুগ্মসচিব, মৎস্য-৫ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
২) যুগ্নসচিব , মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৩) যুগ্নসচিব, পরিকল্পনা-১ অধিশাখা , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৪) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৫) উপসচিব , মৎস্য-৩ অধিশাখা , মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৬) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
৭) সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট